

## সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ২৩৪৮

১৩/ বিচার ও বিধান (كتاب الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/২০. লটারীর মাধ্যমে মীমাংসা

### بَابُ الْقَضَاءِ بِالْقُرْعَةِ

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، أَنبَأَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَنبَأَنَا الثَّوْرِيُّ، عَنْ صَالِحِ الْهَمْدَانِيِّ، عَنْ الشَّعْبِيِّ، عَنْ عَبْدِ خَيْرِ الْحَضْرَمِيِّ، عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ، قَالَ أُتِيَ عَلِيٌّ بْنُ أَبِي طَالِبٍ وَهُوَ بِالْيَمَنِ فِي ثَلَاثَةِ قَدِّ وَقَعُوا عَلَى امْرَأَةٍ فِي طَهْرٍ وَاحِدٍ فَسَأَلَ اثْنَيْنِ فَقَالَ أَتَقْرَآنِ لِهَذَا بِالْوَلَدِ فَقَالَا لَا . ثُمَّ سَأَلَ اثْنَيْنِ فَقَالَ أَتَقْرَآنِ لِهَذَا بِالْوَلَدِ فَقَالَا لَا . فَجَعَلَ كُلَّمَا سَأَلَ اثْنَيْنِ أَتَقْرَآنِ لِهَذَا بِالْوَلَدِ قَالَا لَا . فَأَقْرَعَ بَيْنَهُمْ وَالْحَقَّ الْوَلَدَ بِالَّذِي أَصَابَتْهُ الْقُرْعَةُ وَجَعَلَ عَلَيْهِ ثَلَاثِي الدِّيَةِ فَذَكَرَ ذَلِكَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَضَحِكَ حَتَّى بَدَتْ نَوَاجِذُهُ .

বাংলা

৪/২৩৪৮। যায়েদ ইবনে আরকাম (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আলী ইবনে আবু তালিব (রাঃ) ইয়ামান থাকাকালে তার সামনে মীমাংসার জন্য এই মর্মে একটি বিষয় উত্থাপিত হয় যে, তিন ব্যক্তি একই তুহরে এক নারীর সাথে সংগম করে (ফলে তার একটি সন্তান হয়)। আলী (রাঃ) দু'জনকে জিজ্ঞেস করেন (তৃতীয় ব্যক্তিকে দেখিয়ে) তোমরা কি সন্তানটি এই ব্যক্তির বলে স্বীকার করো? তারা বললো, না। তিনি আবার দু'জনকে জিজ্ঞেস করেন, তোমরা কি সন্তানটি এই ব্যক্তির বলে স্বীকার করো? তারা বললো, না।

তিনি যখনই দু'জনকে জিজ্ঞেস করলেন, তোমরা কি সন্তানটি তার বলে স্বীকার করো, তখনই তারা বলে, না। অতঃপর আলী (রাঃ) তাদের মধ্যে লটারীর ব্যবস্থা করেন এবং লটারীতে যার নাম উঠে, তিনি তাকে সন্তানটি দিলেন এবং তার উপর দু'-তৃতীয়াংশ দিয়াত ধার্য করেন। এ ঘটনা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর কাছে বলা হলে তিনি এমনভাবে হেসে দিলেন যে, তাঁর সামনের পাটির দাঁত প্রকাশ পেলো।

## English

It was narrated that Zaid bin Arqam said:

“A case was brought to 'Ali bin Abu Talib when he was in Yemen, concerning

three men who had intercourse with a woman during one period of being free from menses. He asked two of them: “Do you affirm that this child belongs to (the third man)?” And they said: “No.” He asked another two of them: “Do you affirm that this child belongs to (the third man)?” And they said: “No.” Every time he asked two of them whether they affirmed that the child belonged to the third, they would say no. So he cast lots between them, and attributed the child to the one whose name was chosen in this manner, and obliged him to pay two thirds of the Diah. The Prophet (ﷺ) was told of this, and he smiled so broadly that his back teeth became visible.

### ফুটনোট

নাসায়ী ২৪৮৮, ২৪৯০, আবু দাউদ ২২৬৯, ২২৭০, সহীহ আবু দাউদ ১৯৬৩-১৯৬৪।

তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরকাম (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=42964>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন